

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৩১

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

দু'দিনব্যাপী বাল বৈজ্ঞানিক প্রদর্শনী এবং বিজ্ঞানভিত্তিক আলোচনাচক্রের উদ্বোধন

প্রাত্যহিক জীবনে বিজ্ঞানকে আরও কিভাবে জনপ্রিয়
করে তোলা যায় সে বিষয়ে ছাত্রছাত্রীদের ভাবতে হবে : মেয়র

বর্তমান যুগ ডিজিট্যাল যুগ। তাই ছাত্রছাত্রীদের গতানুগতিক চিন্তাধারার বাইরে উদ্ভাবনী এবং সৃজনশীল মানসিকতায় উদ্বৃদ্ধ হতে হবে। প্রাত্যহিক জীবনে বিজ্ঞানকে আরও কিভাবে জনপ্রিয় করে তোলা যায় সে বিষয়ে ছাত্রছাত্রীদের ভাবতে হবে। তবেই বাল বৈজ্ঞানিক প্রদর্শনী সার্থক রূপ পাবে। আজ উমাকান্ত একাডেমীর অডিটোরিয়ামে দু'দিনব্যাপী জিলাস্তরীয় বাল বৈজ্ঞানিক প্রদর্শনী এবং একদিনের বিজ্ঞান ভিত্তিক আলোচনাচক্রের উদ্বোধন করে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার একথা বলেন। এই প্রদর্শনীর উদ্বোধন করে মেয়র দীপক মজুমদার বলেন, ছাত্রছাত্রীরা দেশের ভবিষ্যৎ। ভবিষ্যতে তারা রাষ্ট্র পরিচালনা করবে। তিনি বলেন, প্রত্যেক ছাত্রছাত্রীর মধ্যে সুপ্ত প্রতিভা রয়েছে। একে প্রস্ফুটিত করার জন্য চাহ নিয়মিত চর্চা। তিনি বলেন, বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে বিজ্ঞানকে কিভাবে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় সে বিষয়ে ছাত্রছাত্রীদের ভাবতে হবে। তিনি বলেন, গতবছর জাতীয়স্তরের বিজ্ঞান প্রদর্শনীতে রাজ্যের ছাত্রছাত্রীরা প্রশংসিত হয়েছে। তিনি অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানান। এছাড়া বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের কর্পোরেট জাহুবী দাস চৌধুরী ও সেকেন্ডারি এডুকেশন দপ্তরের উপ অধিকর্তা মিঠুন দাস চৌধুরী। স্বাগত ভাষণে পশ্চিম জেলার শিক্ষা আধিকারিক রূপন রায় বলেন, এনসিইআরটি'র তত্ত্বাবধানে এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। ইতিমধ্যে আন্তঃ বিদ্যালয় প্রদর্শনী সমাপ্ত হয়েছে। তিনি বলেন, বাল বৈজ্ঞানিক প্রদর্শনী হলো বিজ্ঞানমনক্ষ ছাত্রছাত্রীদের নিজস্ব উদ্ভাবনী চিন্তাধারা উপস্থাপনের একটি প্ল্যাটফর্ম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার অ্যাসিস্ট্যান্ট কালেক্টর (প্রতিশন্যাল) মিসেস চারু সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, ছাত্রছাত্রী ও অভিভাবকগণ।

সমগ্র শিক্ষা অভিযান এই প্রদর্শনীর আয়োজন করেছে। এবছর বাল বিজ্ঞান প্রদর্শনীর থিম হলো-'সায়েন্স এন্ড টেকনোলজি ফর সোসাইটি'। আলোচনাচক্রের থিম হলো 'মিলেটস ফর হেলথ এন্ড সাসটেনেবল প্ল্যান্ট'। জিলাস্তরীয় বাল বৈজ্ঞানিক প্রদর্শনীতে পশ্চিম জেলার ৫৩টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মোট ৫৩টি বিজ্ঞান মডেল নিয়ে অংশ নিয়েছে। প্রদর্শনী সকাল ১১টা থেকে বিকেল ৩.৩০ মিনিট পর্যন্ত খোলা থাকবে। উদ্বোধনী অনুষ্ঠানের পর মেয়র বিজ্ঞান প্রদর্শনী স্টলগুলোর উদ্বোধন করেন এবং বিজ্ঞান মডেলগুলির বিষয়ে অবহিত হন। এরপর 'মিলেটস ফর হেলথ এন্ড সাসটেনেবল প্ল্যানেট' নিয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন উমাকান্ত একাডেমীর প্রিসিপাল রাজেশ দেববর্মা।
